

ব্রজানন্দ ভজন

হরে ব্রজানন্দ হরে, হরে ব্রজানন্দ হরে
গৌর হরি বাসুদেব, রাম নারায়ণ হরে ॥

প্রকাশকঃ
বুড়াশিবধাম,
রমনা, ঢাকা।

প্রথম প্রকাশঃ
কার্তিক ১৩৭২ বাং

[মূল্য- প্রেম]

আরফান প্রেস, ১৬-২০, নবরায় লেন, ঢাকা-১ হইতে বেগম বি, খান কর্তৃক মুদ্রিত।

ওঁ
গুরু কৃপাহি কেবলম্

(১)

রে মনুয়া ! ব্রজানন্দ গুণ গাওয়ে !

জনম জনম ভর -

নাম ভজন কর

দিল্কি ভকতি মিলাওয়ে,

এ দুনিয়াদারি মায়াকি স্বপনা

কোই নেহি হ্যায় তেরে আপনা;

আপনি সাঁথী শ্রীগুরু নাম

ওহি নাম রস পিলাওয়ে ॥

“ব্রজানন্দ” প্রেমসে কহো

শ্রীগুরুসঙ হরদম্ রহো

ব্রজানন্দ নাম ভজনসে

দিল্কি পিয়াস মিটাওয়ে ॥

তাং ইং ২৭/৬/৫৮

(২)

মনরে ! চল মন শ্রীগুরু ধাম ।

হরে ব্রজানন্দ হরে

গাহ সুধামাখা নাম ।

ব্রজানন্দ গুণগানে

ভক্তি হিল্লোল বহে প্রাণে ।

প্রেমানন্দে দিবানিশি

জপরে নাম অবিরাম ॥

ব্রজের জীবন ব্রজানন্দ ধন

গোলক বিহারি শ্রীরাধার মন

নবরুপে এলো নারায়ণ

পুরাইতে ভক্ত মনস্কাম ॥

এলো বুঝি পথ ভুলে

ব্রজের গোপাল ধরাধুলে

নব লীলা খেলাচ্ছলে

এলো নয়নাভিরাম ॥

(৩)

ব্রজানন্দ প্রাণ গোবিন্দ
এলোরে ধরায়
নবরূপে নব সাজে
এলো শ্যামরায়।
কে দেখবি আয়
তোরা কে দেখবি আয়
শ্রীগুরু ধামেতে প্রেমের
বাঁশরী বাজায়।
একাধারে শ্রীরাধাশ্যাম
প্রেমের দোলাতে
দুলছে নিতি ভক্তজনের
পরশ ভোলাতে।
দোলে শ্রীরাধার মন
দোলে ভক্তপ্রান ধন
দোলে ব্রজের গোপাল
“ব্রজানন্দ” হৃদয় দোলায়
দোলে বংশীবদন মদন মোহন
প্রেম দোলনায়।
সুনীল গগনে আজি
চাঁদের জ্যাছনায়
লক্ষ তারার ফুল ফুটিয়ে
এলো ব্রজরায়।
এলো ব্রজরায় - এলো শ্যামরায়।
তাঁর বাঁশীর সুরে
উঠছে তুফান
হৃদয় যমুনায়
ওরে প্রেম যমুনায়
কে দেখবি আয়
তোরা কে যাবিরে আয়
শ্রীগুরু ধাম মহোৎসবে
গুরু পূর্ণিমায়।

--

(৪)

ব্রজানন্দ হরি হরে
ডাকবে মন প্রাণ ভরে

ব্রজের গোপাল

নন্দ দুলাল

হের দু' নয়নে ॥

দুঃখ রবে না রবে না
তঁর নাম গুণগানে
দুঃখ রবে না রবে না ।
এ ভব দুঃখের জ্বালা
রবে না রবে না
ভব দুঃখ শোক তাপ
রবে না রবে না ।
এ ভব ত্রিতাপ জ্বালা
রবে না রবে না ।

ব্রজানন্দ চরণতরী

ধর না মন শক্ত করি

যাবি যদি ভব পারাবারে

দিবানিশি জপ নাম

‘ব্রজানন্দ’ অবিরাম

দেখবি যদি শ্যামল সূন্দরে ।

এমন রূপ আর দেখিস নাইরে

রূপে প্রেমবারি আপনি ঝরে

যাঁরে দেখে নয়ন আপনি ঝরে

তুলনা নাইরে

রূপের তুলনা নাইরে

একাধারে রাখাশ্যামের ।

এই বুঝি সেই ব্রজের হরি

এলো নবরূপ ধরি

সাজিয়া ভব কাভারী

ভক্তের লাগি বেয়ে তরী

এলোরে পারের হরি

ব্রজানন্দ নামটি ধরি

এলো ব্রজানন্দ হরি ।

হরে ব্রজানন্দ বল

হরে ব্রজানন্দ বল

প্রেমানন্দে বাহু তুলে

ব্রজানন্দ হরি বল ।

প্রাণ গোবিন্দ নিত্যানন্দ

ব্রজানন্দ হরি বল ।

ব্রজের গোপাল দীনদয়াল

হরে ব্রজানন্দ বল ।